

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা



গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৯

৩০ জানুয়ারি ২০২৩

বিষয়: বিভিন্ন মাদ্রাসার **NTRCA** বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম সমাপ্তির পর অনলাইনে এমপিওভুক্তির আবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত) অনুযায়ী এমপিওভুক্ত মাদ্রাসায় গভর্ণিংবডি/ম্যানেজিং কমিটি কর্তৃক নিয়োগ বোর্ডের মাধ্যমে **NTRCA** বহির্ভূত পদে নিয়োগ দেয়া হয়। মাদ্রাসার চাহিদার প্রেক্ষিতে নিয়োগ বোর্ডে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, নিয়োগ কার্যক্রম সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট মাদ্রাসা থেকে এমপিওভুক্তির জন্য **MEMIS** সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে বিলম্বে আবেদন দাখিল করা হয়। অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় এমপিও ভুক্তির আবেদন অনলাইনে দাখিল না করে মাসের পর মাস এমনকি বছরের পর বছর ফেলে রাখা হয়। এর ফলে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারী আর্থিক ক্ষতির সম্মুখীন হয়, প্রতিষ্ঠান যথাযথ সেবা থেকে বঞ্চিত হয়, মামলার উদ্ভব হয়, এমনকি অহেতুক বিভিন্ন জটিলতারও সৃষ্টি হয়। তাছাড়া দীর্ঘকাল পর এমপিওভুক্তির আবেদন দাখিল করা হলে ডকুমেন্ট/কাগজপত্রের সঠিকতা যাচাই করা কঠিন হয়ে পড়ে। অথচ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পরই অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করা হলে এসব জটিলতা এড়ানো সহজ হত।

এমতাবস্থায়, এখন থেকে বিভিন্ন মাদ্রাসার **NTRCA** বহির্ভূত পদে নিয়োগ কার্যক্রম সমাপ্তির পরবর্তী ০২ (দুই) মাসের মধ্যে **MEMIS** সফটওয়্যারে অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ০২ (দুই) মাসের মধ্যে আবেদন দাখিল করা সম্ভব না হলে বিলম্বের কারণ যথাযথভাবে উল্লেখপূর্বক নিয়োগ কার্যক্রম সমাপ্তির সর্বোচ্চ ০৪ (চার) মাসের মধ্যে অনলাইনে এমপিওভুক্তির আবেদন দাখিল করার সুযোগ পাওয়া যাবে। নিয়োগ কার্যক্রম সমাপ্তির পর ০৪ (চার) মাস অতিক্রম হওয়ার পর এমপিওভুক্তির আবেদন পাঠাতে বিলম্ব হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের এমপিও সাময়িক স্থগিতসহ তাঁর বিরুদ্ধে বিধিমোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এতদ্বারা গত ১১/০৯/২০২২খ্রি. তারিখের ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৬৬ নং স্মারকে জারিকৃত পত্রটি বাতিল করা হল।

৩০-১-২০২৩

হাবিবুর রহমান

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার..... (সকল এমপিওভুক্ত
কামিল/ফাজিল/আলিম/ দাখিল মাদ্রাসা)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৭/১(৮)

তারিখ: ১৬ মাঘ ১৪২৯

৩০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা প্রশাসক(সকল)
- ৩) রেজিষ্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার(সকল)
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সিনিয়র সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৬) জেলা শিক্ষা কর্মকর্তা.....(সকল)
- ৭) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.....(সকল)[উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
- ৮) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর



৩০-১-২০২৩

মোঃ লুৎফর রহমান
সহকারী পরিচালক (অর্থ)